দৈনিক ইত্তেফাক
02 JUN 2008

এইচএসসি-আলিম-ফাযিল পরীক্ষা

# দ্বিতীয় দিনে শিক্ষকসহ বহিষ্কার ৭২ : অনুপস্থিত ৮ হাজার ২৩৪

স্টাফ রিপোর্টার

সারাদেশের ৯টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), আলিম পরীক্ষার দ্বিতীয় দিন গতকাল (রোববার) অতিবাহিত হয়েছে। এদিন ৭টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজী দ্বিতীয় পত্র, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সকালে বাংলা চতুর্থ পর্ব এবং ইংরেজী দ্বিতীয় পর্বের পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিকেলে ইংরেজী তৃতীয় পর্ব এবং হিসাববিজ্ঞান প্রথম পর্বের পরীক্ষা অনুষ্ঠিত হয়। মাদ্রাসা বোর্ডের অধীনে আলিমে হাদিস ও উসূলুল হাদিস, ফাযিলে উলুমুল কুরআন ওয়াল হাদিস দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

৯টি শিক্ষা বোর্ডে দ্বিতীয় দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের পৃঃ ১১ কঃ ২

## এইচএসসি-আলিম-ফাযিল পরীক্ষা

১২-এর পৃষ্ঠার পর

দায়ে বহিষ্কার হয়েছে ৭১ জন পরীক্ষার্থী। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৪৮ জন। ঢাকা বোর্ডে ১১ জন, কুমিল্লা বোর্ডে ৭ জন, যশোর বোর্ডে ৫ জন, রাজশাহী বোর্ডে ১৬ জন, চট্টগ্রাম বোর্ডে ৩ জন, সিলেট বোর্ডে ১ জন এবং বরিশাল বোর্ডে ৫ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১১ জন। এর মধ্যে আলিমে ৭ জন এবং ফাযিলে ৪ জন। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার দ্বিতীয় দিনে বহিষ্কার হয়েছে ১২ জন পরীক্ষার্থী।

এ ৯ বোর্ডে দ্বিতীয় দিনে ৮ হাজার ২৩৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ঢাকা বোর্ডে ১ হাজার ৮৭২ জন, কুমিল্লা বোর্ডে ৬১৭ জন, যশোর বোর্ডে ৬১৩ জন, রাজশাহী বোর্ডে ৭৬৮ জন, চট্টগ্রাম বোর্ডে ৪৬১ জন, সিলেট বোর্ডে ২৭৩ জন এবং বরিশাল বোর্ডে ৩৪৩ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল। কারিগরিতে ২ হাজার ১৭৬ জন। মাদ্রাসা বোর্ডে ১ হাজার ১১১ জন শিক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত ছিল। এর মধ্যে আলিমে ৪০৭ জন এবং ফাযিলে ৭০৪ জন। দ্বিতীয় দিনে কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তবে দায়িত্বে অবহেলার কারণে কারিগরি বোর্ডের একজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। গতকালের পরীক্ষায় ঢাকা বোর্ডের জামালপুরের সরিষাবাড়ির সুজাত আলী কলেজে একজন এবং পার্বতীপুরে একজন ভুয়া শিক্ষার্থী ধরা পড়ার খবর পাওয়া গেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এবছর সারাদেশের নয়টি শিক্ষা বোর্ডে মোট ৬ লাখ ২০ হাজার ২০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে সাধারণ সাতটি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ২ হাজার ৭৯৬ জন। মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষার্থীর সংখ্যা ৬২ হাজার ৫০৫ জন। কারিগরি বোর্ডের অধীনস্থ এইচএসসি (বিএম) পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ হাজার ৭১৯ জন। এবার নয়টি বোর্ডের অধীনে পরীক্ষায় মোট কেন্দ্র সংখ্যা ১৮০০। এর মধ্যে এইচএসসির কেন্দ্র সংখ্যা এক হাজার ২৪টি, আলিমের কেন্দ্র সংখ্যা ৩৪৮টি এবং এইচএসসি বিএম পরীক্ষায় কেন্দ্র সংখ্যা ৪২৮টি। মোট সাত হাজার ১২০টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এই পরীক্ষায় অংশ নিচ্ছে। এরমধ্যে এইচএসসি প্রতিষ্ঠানের সংখ্যা তিন হাজার ১৯৬টি, আলিমে দুই হাজার ৬৫৯টি এবং এইচএসসি বিএমে এক হাজার ২৬৫টি।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডে ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষায় ১৫ শিক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে। এদিন কোনো শিক্ষক বহিষ্কারের ঘটনা ঘটেনি। বোর্ডের কন্ট্রোল রুম জানায়, ইংরেজী দ্বিতীয় পত্রে ১ লাখ ৩০ হাজার ৯৭ জন রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ২৯ হাজার ৩২৯ জন শিক্ষার্থী। অনুপস্থিত ছিল ৭৬৭ জন। বহিষ্কৃতদের মধ্যে রাজশাহী জেলায় ২ জন, পাবনায় ৪ জন, বগুড়ায় ১ জন, রংপুরে ২ জন, দিনাজপুরে ৩ জন, ঠাকুরগাঁও-এ ১ জন ও পঞ্চগড়ে ১ জন।

যশোর ব্যুরো জানায়, যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষায় নকলের দায়ে মোট ৫ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। জেলাওয়ারী বহিষ্কৃতদের সংখ্যা হচ্ছে খুলনায় ২ জন, যশোরে ১ জন, ঝিনাইদহে ১ জন ও কুষ্টিয়ায় ১ জন।

ভোলা জেলা সংবাদদাতা জানান, ভোলায় এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা ও মাদ্রাসা কেন্দ্রে গতকাল (রোববার) নকল করার দায়ে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। অন্যের হয়ে পরীক্ষায় পরীক্ষায় প্রক্সি দিতে এসে গ্রেফতার হয়েছে একজন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গতকাল রোববার ইংরেজী ২য় পত্র পরীক্ষায় ভোলার মনপুরা ও বোরহানউদ্দিন কেন্দ্রে ২ এইচএসসি পরীক্ষার্থী সদর ও দৌলতখানে ব্যবসায় ব্যবস্থাপনা ২ জন এবং মাদ্রাসা কেন্দ্রে ভোলা সদরে ২ জন, বোরহান উদ্দিনে ১ জন ও দৌলতখানে ১ পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এদিকে চরফ্যাশন কলেজ কেন্দ্রে স্নাতক ইসলামের ইতিহাস বিষয়ে প্রক্সি দিতে গিয়ে গ্রেফতার হয়েছে লিটন নামের একজন। তিনি লালমোহন সরকারী কলেজের পরীক্ষার্থী নয়নের হয়ে প্রক্সি দিতে গেলে কক্ষ পরিদর্শক তাকে আটক করে পুলিশে দেন।

পার্বতীপুর উপজেলা সংবাদদাতা জানান, গতকাল (রোববার) এইচএসসি ইংরেজী ২য় পত্রের পরীক্ষা চলাকালে পার্বতীপুর-২ (পার্বতীপুর ক্যান্ট পাবলিক স্কুল এন্ড কলেজ) কেন্দ্রের ৪০৫ নং কক্ষ থেকে চাচাত ভাইয়ের বদলে পরীক্ষা দিতে আসা কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ, রংপুরের ইতিহাস বিভাগের বিএ (সম্মান) দ্বিতীয় বর্ষের ছাত্র তাজুল ইসলামকে পুলিশ গ্রেফতার করেছে। সে পার্বতীপুর উপজেলার রামপুর ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মৃত হোসেন আলীর ছেলে।

পুলিশ ও কেন্দ্র সূত্রে জানা গেছে, খোলাহাটী ডিগ্রী কলেজের ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থী এরশাদুল হক গত বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শুধুমাত্র ইংরেজী বিষয়ে অকৃতকার্য হয়। এ বছর এক বিষয়ে পরীক্ষার প্রথম দিন থেকে নিবন্ধনপত্রের ছবি পরিবর্তন করে তার চাচাত ভাই পরীক্ষায় অংশগ্রহণ করে। কিন্তু দ্বিতীয় দিনের পরীক্ষা চলাকালে বেলা সাড়ে ১২টার দিকে কক্ষ পরিদর্শক আখতারুল ইসলাম (প্রভাষক কম্পিউটার শিক্ষা উত্তর শালন্দার হাইস্কুল এন্ড কলেজ)-এর সন্দেহ হওয়ায় তাকে চ্যালেঞ্জ করলে ভুয়া পরীক্ষার্থীর বিষয়টি প্রকাশ পায়। পরে খবর দিলে পুলিশ তাকে গ্রেফতার করে।

রাজাপুর উপজেলা সংবাদদাতা জানান, রাজাপুরে শান্তিপূর্ণভাবে ২য় দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। অসদুপায় অবলম্বনের কারণে রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ জসিম উদ্দিন আদাখোলা মাধ্যমিক বিদ্যালয় এইচএসসি (বিএম) একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করেছে।

মুরাদনগর উপজেলা সংবাদদাতা, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবর্ষ সূত্রে জানা যায়, ২০০৬-২০০৭ শিক্ষা বর্ষের নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে রেজিস্ট্রেশন করেছিল ৫৩ হাজার ৯০৮ জন ছাত্র-ছাত্রী। এর মধ্যে গত বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্যে ফরম ফিলাপ করেছে ৩৯ হাজার ৭১২ জন। গত দু'বছরে নানা কারণে ঝরে গেছে ১৪ হাজার ১৯৬ জন ছাত্র-ছাত্রী।